



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd



০২ আষাঢ় ১৪২৯

তারিখঃ

১৬ জুন ২০২২

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১০

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

এককালীন এক্সিটের মাধ্যমে ঋণ সমন্বয় সংক্রান্ত নীতিমালা।

উপর্যুক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-০৪; তারিখঃ ১৫ ফেব্রুয়ারি ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। এ বিভাগ কর্তৃক প্রাপ্ত বিভিন্ন আবেদন পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, বর্ণিত নীতিমালা অনুযায়ী নির্ধারিত সময়ে (৩০ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে) আবেদন দাখিল করতে না পারায় ঋণ সমন্বয়ে সদিচ্ছুক অনেক গ্রাহক তাঁদের মন্দমানে শ্রেণিকৃত ঋণ সমন্বয় করতে পারছে না। এ প্রেক্ষাপটে, বর্ণিত এক্সিট পলিসির আওতায় গ্রাহকদের ঋণ পরিশোধের সুযোগ সৃষ্টির পাশাপাশি আর্থিক প্রতিষ্ঠানসমূহের খেলাপী ঋণ আদায় ও তারল্য পরিস্থিতি উন্নয়নে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে-

ক) এক্সিট সুবিধার আবেদন দাখিলের সময়সীমা ৩১ জুলাই ২০২২ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো;

খ) বর্ধিত সময়ে প্রাপ্ত আবেদনসমূহ সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠান ৩০ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে নিষ্পত্তি করবে; এবং

গ) ডিএফআইএম সার্কুলার নং-০৪/২০২২ এর অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৩। আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৮